জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
www.dgjute.gov.bd

নং-২৪.০১.০০০০.০৪.০৭১.০০১(অংশ-০৪).১৭- ২১৪ তারিখঃ ০৩/০৫/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ''পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০'' বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ অভিযান পরিচালনা সংক্রান্ত।
সূত্র: বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ২৬/০৪/২০১৭ তারিখের ২৪.০০.০০০০.১১৯.২২.০১৫.১৬-১২৭ নম্বর স্মারক পত্র।

''পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০'' এর আওতায় ধান, চাল, গম, ভুট্টা, সার , চিনি মোড়কীকরণে পাটজাত মোড়ক ব্যবহার নিশ্চিকরণের বিষয়ে নিয়মিতভাবে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের নেতৃত্বে ভ্রাম্যমান আদালত পরিচালিত হচ্ছে। উক্ত আইনের ধারা ২২ এ প্রদত্ত ক্ষমতাবলে , সরকার, ''পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩'' এর বিধি ৩ দ্বারা নির্ধারিত তফসিল সংশোধনক্রমে ০৬ টি পণ্যের (ধান, চাল, গম, ভুট্টা, সার ও চিনি) পাশাপাশি অতিরিক্ত ১১ (এগার) টি পণ্য (মরিচ, হলুদ, পেঁয়াজ, আদা, রসুন, ডাল, ধনিয়া, আলু, আটা, ময়দা ও তুষ-খুদ-কুড়া) অন্তর্ভুক্ত করে। এ সম্পর্কিত গেজেটের কপিসহ জেলা/উপজেলা প্রশাসন, সহানীয় পর্যায়ের ব্যবসায়ী সংগঠন ও ব্যবসায়ীদের সাথে আলোচনার মাধ্যমে অবহিতকরণসহ আইনটি বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়েছে।

০২। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০" এর সুষ্ঠু বাস্তবায়ন, পর্যালোচনা ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে গত ০৯/০৪/২০১৭ খ্রি: তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০" এর সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, পাট অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, পুলিশ, র‌্যাব, বিজিবি, আনসার, জেলা ও উপজেলা প্রশাসন এবং বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের সহায়তায় আগামী ১৫ মে,২০১৭ খ্রি: তারিখ হতে সড়ক, মহাসড়ক, তফসিলে বর্ণিত পণ্যসমূহ উৎপাদন, বিক্রয় ও বিতরণ এলাকা এবং ঢাকাসহ সমগ্রদেশে একসাথে বিশেষ অভিযান পরিচালিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে সুষ্ঠুভাবে আইনটি বাস্তবায়নের নিমিত্ত জেলা পর্যায়ে মনিটরিং কমিটি গঠন করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এমতাবসহায়,''পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০'' শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, ব্যবসায়ী সংগঠন, গণমাধ্যম ও গণ্যমান্য ব্যক্তিবর্গকে সম্পৃক্তকরে আগামী ১৫ মে,২০১৭ তারিখ হতে বিশেষ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, পাট অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ বিশেষ অভিযান পরিচালনায় জেলা প্রশাসনকে সার্বিক সহায়তা প্রদান করবে।

সংযুক্ত: বর্ণনামতে (১ পাতা)।

৩/৫/১৭

(মোছলেহ উদ্দিন)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ -৯৫৬১৫৪৬।

জেলা প্রশাসক
-----------------------(সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার,-------------------------------------------(সকল)
০৪। যুগ্মসচিব, পাট-২, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

স্মারক নং-২৪.০০.০০০০.১১৯.২২.০১৫.১৬-১৩৮ তারিখ: ০৩/০৫/২০১৭ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

"পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" , "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার বিধিমালা, ২০১৩ এবং পাট আইন ২০১৭ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত জেলা পর্যায়ে নিয়োক্ত মনিটরিং কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | প্রতিনিধির নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য/জেলা পরিষদের চেয়ারম্যান/সংশ্লিষ্ট সিটি করপোরেশন এর মেয়র/পৌরসভার মেয়র | উপদেষ্টা |
| ০২ | জেলা প্রশাসক | আহবায়ক |
| ০৩ | পুলিশ সুপার | সদস্য |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল) | সদস্য |
| ০৫ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৬ | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক ( ১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৭ | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক ( ১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৮ | উপমহাব্যবস্থাপক (সকল ব্যাংক) | সদস্য |
| ০৯ | উপপরিচালক ,বিআরডিবি | সদস্য |
| ১০ | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১১ | উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস | সদস্য |
| ১২ | জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৩ | উপপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৪ | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৬ | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | সদস্য |
| ১৭ | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৮ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য |
| ১৯ | সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার | সদস্য |
| ২০ | বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ২২ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ২৩ | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২৪ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৫ | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ২৬ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ২৭ | সহকারী কমিশনার, কাস্টমস ও ভ্যাট | সদস্য |
| ২৮ | পরিবেশ অধিদপ্তরের জেলা পর্যায়ের প্রতিনিধি | সদস্য |
| ২৯ | কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ৩০ | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ৩১ | প্রতিনিধি,বাংলাদেশ অটো রাইস মিলস ওনার্স এসোসিয়েশন | সদস্য |
| ৩২ | প্রতিনিধি,বাংলাদেশ অটোমেজর এন্ড হাসকিং মিল মালিক সমিতি | সদস্য |
| ৩৩ | প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন সমিতি | সদস্য |
| ৩৪ | প্রতিনিধি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন | সদস্য |

পরবর্তী পাতা/০২

| | | |
|---|---|---|
| ৩৫ | প্রতিনিধি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন | সদস্য |
| ৩৬ | প্রতিনিধি, বাংলাদেশ ট্রাক ও কাভার্ড ভ্যান মালিক সমিতি | সদস্য |
| ৩৭ | প্রতিনিধি, বংলাদেশ জুট মিলস কর্পোরেশন (বিজেএমসি) | সদস্য |
| ৩৮ | প্রতিনিধি, বংলাদেশ জুট মিলস এসোশিয়েশন ( বিজেএমএ) | সদস্য |
| ৩৯ | প্রতিনিধি, জেলা পাটচাষী সমিতি | সদস্য |
| ৪০ | এনজিও প্রতিনিধি ১ জন(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪১ | সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব |

০২।কমিটির কার্যপরিধি:

(ক) জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" এবং "পাট আইন,২০১৭" এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(খ)"পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" এবং পাট আইন,২০১৭" অনুযায়ী স্থানীয়ভাবে পাটজাত পণ্যের ব্যবহার ও বাজার সম্প্রসারণে পদক্ষেপ ও সহযোগিতা প্রদান;

(গ) কমিটি প্রতিমাসে একটি করে সভা করবে। কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমুহ মূল্যায়ন ও বাস্তবায়নের নিমিত্ত সদস্য সচিব প্রতিবেদনসহ পরবর্তী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করবে এবং এ সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পাট অধিদপ্তরে প্রেরণ করবে;

(ঘ) যে সকল জেলায় সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা নেই সে সকল জেলায় জেলা প্রশাসক কর্তৃক সদস্য সচিব মনোনিত হবে; ও

(ঙ) কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্য কো-অপ্ট এবং উপকমিটি গঠন করতে পারবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৬৪৭।

স্মারক নং-২৪.০০.০০০০.১১৯.২২.০১৫.১৬-১৩৮

তারিখ: ০৩/০৫/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১ বিভাগীয় কমিশনার (সকল)
০২ মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
০৩ জেলা প্রশাসক ও আহবায়ক (সকল) (কমিটির সকল সদস্যকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
০৪ অতিরিক্ত সচিব(প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫ যুগ্মসচিব, পাট-২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭ মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯ উপপরিচালক, বাংলাদেশ ফরমস এন্ড প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০ সহকারি প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৬৪৭।